



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.০৪.০৫৮.২০.১০১৮

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৭  
১০ সেপ্টেম্বর ২০২০

### বিজ্ঞপ্তি

বিষয়: তালিকাভুক্তির আবেদনপত্র গ্রহণ স্থগিতকরণ।

খাদ্য অধিদপ্তরের অধীনে ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য সড়ক পথে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির জন্য চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৪৯.০২৩.১৯-১৩২ নং স্মারকে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক আগামী ১৩/০৯/২০২০ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত আবেদনপত্র গ্রহণের সময় নির্ধারিত রয়েছে। জনৈক মোঃ সেন্টু মিয়া, পিতা-মৃত হাসমত আলী, বর্তমান সাং-পাইনার বাজার, ইউনিয়ন-তেঘরিয়া, থানা-কেরানীগঞ্জ, জেলা-ঢাকা কর্তৃক উক্ত স্মারকের তালিকাভুক্তির বিজ্ঞপ্তির বিরুদ্ধে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ (কেরানীগঞ্জ) আদালত, ঢাকায় দেঃ মোকদ্দমা নং-১৬৯/২০২০ দায়ের করেন। বাদীর আবেদনের প্রেক্ষিতে উক্ত স্মারকের তালিকাভুক্তির বিজ্ঞপ্তির উপর গত ০৭/০৯/২০২০ খ্রি. তারিখে বিজ্ঞ আদালত স্থিতি অবস্থা আদেশ জারি করেন। বিজ্ঞ আদালতের স্থিতি অবস্থা আদেশের কারণে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তালিকাভুক্তি আবেদন গ্রহণ কার্যক্রম স্থগিত করা হলো। আবেদনপত্র গ্রহণের তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট এবং চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের নোটিশ বোর্ড পাওয়া যাবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১০-৯-২০২০

আব্দুল্লাহ আল মামুন  
পরিচালক

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো)
- ৪) আইন উপদেষ্টা, আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর
- ৬) প্রধান মিলার, পোস্তুগোলা ঢাকা।

- ৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৯) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা।
- ১০) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ১১) সিনিয়র গণসংযোগ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ., .
- ১২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ১৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম
- ১৬) ব্যবস্থাপক (সকল)....., ....., .....
- ১৭) খাদ্য ভবনের নোটিশ বোর্ড।, ., .,